<u>বিষয়বস্তু ঃ</u>

- ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম(পিপিই) এর নাম এবং ব্যবহার ঃ সেফটি/নিরাপত্তা হেলমেট, সেফটি সুজ, হ্যান্ড গেস্নাভস, সেফটি গস্নাভস, সেফটি বেল্ট, এপ্রোন, ডাস্ট মাস্ক এবং ইয়ার পস্নাগ/গার্ড।
- ব্যবহৃত টুলস, ইকুইপমেন্ট এবং উপকরণের তালিকা প্রস্তুতকরণ।
- স্যানিটারি পাইপের আকার এবং ব্যবহার।

অ্যাসেসমেন্ট ক্রাইটেরিয়াঃ

১. সাইট ভিজিট/পরিদর্শনের রেজাল্ট এবং প্লাম্বিং প্ল্যান অনুযায়ী প্রয়োজনীয় টুলস, ইকুইপমেন্ট এবং উপকরণ চিহ্নিত করা।
২. স্যানিটারি পাইপের সাইজ/সিডিউল নির্বাচন করে সংগ্রহ করা।
৩. ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম(পিপিই) নির্বাচন করে ব্যবহার করা।
৪. টুলস, ইকুইপমেন্ট এবং উপকরণ সংগ্রহ করে এর কার্যকারিতা চেক করা।

ইনফরমেশন শীট ৫.২.১

<u>শিখন উদ্দেশ্য</u> ঃ কর্মক্ষেত্রে ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম(পিপিই) নির্বাচন করে ব্যবহার করতে পারবে।

ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম(পিপিই) ঃ

মডিউল-১ ঃ পাইপের থ্রেডিং অপারেশন (প্যাচ কাঁটা) সম্পাদন মডিউলের ইনফরমেশন শীট **১.১.১** এর অনুরূপ অনুসরন করুন।

ইনফরমেশন শীট ৫.২.২

<u>শিখন উদ্দেশ্য</u> ঃ প্লাম্বিং কাজের জন্য টুলস এবং ইকুইপমেন্ট নির্বাচন ও সংগ্রহ করে এর কার্যকারিতা চেক করতে পারবে।

টুলস এবং ইকুইপমেন্ট ঃ

মডিউল-১ ঃ পাইপের থ্রেডিং অপারেশন (প্যাচ কাঁটা) সম্পাদন মডিউলের ইনফরমেশন শীট **১.১.২** এর অনুরূপ অনুসরন করুন।

ইনফরমেশন শীট ৫.২.৩

<u>শিখন উদ্দেশ্য</u> ঃ প্লাম্বিং কাজের জন্য মেটারিয়াল্স বা উপকরণ নির্বাচন, সংগ্রহ ও কার্যকারিতা চেক করতে পারবে।

মেটারিয়ালস ঃ

স্যানিটারি সুয়্যার ঃ স্যানিটারী সুয়্যার (মলমূত্রের নর্দমা) অথবা ফাউল সুয়্যার (ময়লা-আবর্জনার নর্দমা) হলো-মাটির নিচ দিয়ে প্রবাহমান একটি সিস্টেম/পদ্ধতি যা সাধারণত বাসা বাড়ী বা বানিজ্যিক ভবন হতে পাইপের মাধ্যমে ময়লা আবর্জনা/পয়:নিষ্কাশন শোধন/অবমুক্তির জন্য পাঠায়। সম্পূর্ণ সিস্টেমের একটি অংশ স্যানিটারী সুয়্যার (মলমূত্রের নর্দমা) যাকে সুয়্যারেজ/ সুয়্যারেজ সিস্টেম বলে।

উপকরণ অনুযায়ী স্যানিটারি পাইপের ধরন ঃ

১. পিভিসি
২. ইউপিভিসি
৩. কাস্ট আয়রণ (সিআই)
৪. পেস্নইন কংক্রিট এবং রিইনফোর্সড সিমেন্ট কংক্রিট
৫. এজবেস্টজ সিমেন্ট (এসি)

পলি ভিনাইল ক্লোরাইড (পিভিসি) পাইপ	
	স্বাভাবিক পিভিসি (পলি ভিনাইল ক্লোরাইড) নির্মাণ কাজে ব্যবহৃত একটি সাধারন, দৃঢ়(শক্ত) অথচ হালকা ওজন বিশিষ্ট পস্নাস্টিক। পস্নাস্টিসাইজার মিশিয়ে ইহাকে তুলনামূলক নরম ও আরও নমনীয় হিসেবে তৈরি করা হয়।
আন-পস্নাস্টিসাইজ্‌ড পলি ভিনাইল ক্লোরাইড (ইউ-পিভিসি) পাইপ	
	স্বাভাবিক পিভিসি'র সাথে পস্নাস্টিসাইজার মিশানো না হলে ইহাকে ইউ-পিভিসি (আন-পস্নাস্টিসাইজ্‌ড পলি ভিনাইল ক্লোরাইড), বা অনমনীয় পিভিসি বলা হয়।
কাস্ট আয়রন (সিআই) পাইপ	
	কাস্ট আয়রন হলো এক প্রকার পাইপ যা ১৯তম ও ২০তম শতাব্দী সময়কালে পানি, গ্যাস ও পয়ঃবর্জ্য স্থানান্ʼরের জন্য প্রেসার পাইপ হিসেবে এবং পানি নিষ্কাশন পাইপ হিসেবে ঐতিহাসিক ব্যবহারের পটভূমি রয়েছে। ইহা প্রধানতঃ এক প্রকার ধূসর কাস্ট আয়রন টিউব দিয়ে গঠিত এবং সচারচর কোন প্রকার কোটিং করা ছাড়া ব্যবহার হতো।
কংক্রিট পাইপ	
	বেশি মাত্রায় পানিনিষ্কাশনের জন্য বড় ব্যাসের এবং অপেৰাকৃত কম পরিমান নিষ্কাশনের ৰেত্রে ছোট ব্যাসবিশিষ্ট কংক্রিট পাইপ ব্যবহৃত হয়।
এজবেস্টজ সিমেন্ট (এসি) পাইপ	
	ভেন্ট পাইপ, সয়েল পাইপ এবং রেইন ওয়াটার পাইপ হিসেবে এটি ব্যবহৃত হয়। অন্যান্য পাইপের তুলনায় এটি দামে সস্ʼৰা তবে সহজে ভেঙ্গে যেতে পারে।

সেলফ-চেক কুইজ ৫.২.১

নিম্নলিখিত প্রশ্নের সঠিক উত্তর লিখুন ঃ

১. পিভিসি পাইপের পূর্ন নাম লিখুন?
২. ইউপিভিসি পাইপের পূর্ন নাম লিখুন?
৩. সিআই পাইপের পূর্ন নাম লিখুন?

ইনফরমেশন শীট ৫.২.৪

শিখন উদ্দেশ্য ঃ কর্মক্ষেত্রে বিভিন্ন ধরণের পস্নাম্বিং ফিটিংস নির্বাচন করে ব্যবহার করতে পারবে।

ফিটিংস ঃ পানি সরবরাহ পদ্ধতিতে পাইপ লাইনে পাইপ সংযোজন, পাইপ লাইনের দিক পরিবর্তন, প্রধান লাইন থেকে শাখা লাইন, বড় ব্যাসের পাইপ থেকে ছোট ব্যাসের পাইপ জোড়া দেয়া এবং স্যানিটারি লাইনে ফিক্সসার বসাতে যে ফিটিংস ব্যবহার করা হয় তাকে পস্নাম্বিং ফিটিং বলে।

পিভিসি/ইউপিভিসি পাইপ ফিটিংস ঃ বিভিন্ন ধরনের ও আকারের হয়ে থাকে যা পিভিসি/ইউপিভিসি পাইপ সংযোগের কাজে ব্যবহৃত হয়।	
গ্যালভানাইজড (জিআই) পাইপ ফিটিংস ঃ বিভিন্ন ধরনের ও আকারের হয়ে থাকে যা জিআই পাইপ সংযোগের কাজে ব্যবহৃত হয়।	
কাস্ট আয়রণ (সিআই) পাইপ ফিটিংস ঃ বিভিন্ন ধরনের ও আকারের হয়ে থাকে যা সিআই পাইপ সংযোগের কাজে ব্যবহৃত হয়।	
কংক্রিট পাইপ ফিটিংস ঃ বিভিন্ন ধরনের ও আকারের হয়ে থাকে যা কংক্রিট পাইপ সংযোগের কাজে ব্যবহৃত হয়।	

এলবো ঃ এটি কোন পাইপ লাইনের দিক পরিবর্তন করার জন্য ব্যবহার করা হয়।	
বেন্ড ঃ এটি কোন পাইপ লাইনের দিক পরিবর্তন করার জন্য ব্যবহার করা হয়। এলবোর পরিবর্তে এটি ব্যবহার করা হয়।	
টি (T) জয়েন্ট ঃ ভিন্ন/একই সাইজের তিনটি পাইপ একত্রে সংযোগ করতে ব্যবহার হয়। ইহা কোন রিডিউসড্ (হ্রাসকৃত) শাখা লাইন সংযোগ করতেও ব্যবহার হয়।	
ওয়াই (Y) জয়েন্টঃ এটি সাধারনত সুয়্যার লাইনে ব্যবহৃত হয় এবং সমান বা অসমান আকারের হয়।	
ক্রস (X) জয়েন্টঃ একই বা ভিন্ন সাইজের চারটি পাইপ একত্রে সংযোগ করতে ব্যবহার হয়। ইহা দুইটি শাখা লাইন সংযোগ করতে ও ব্যবহার হয়।	
অফসেট জয়েন্টঃ কোনো এলাইনমেন্টের মধ্যে অফসেট ওভারকাম করতে এটি ব্যবহৃত হয়।	
গ্রেটিংঃ ড্রেন এবং বায়ু চলাচলের পথে বড় পার্টিক্যাল ধরে রেখে ছোট পার্টিক্যাল চলে যেতে ফিল্টার হিসেবে এটি ব্যবহৃত হয়।	

কোয়েলঃ সয়েল/বর্জ্য/ভেন্ট পাইপের মাথায় এটিলাগানো হয় যা দিয়ে শুধুমাত্র গ্যাস/ধোঁয়া বের হয়ে যায়।	
কাপলারঃ এটি পাইপিং সিস্টেমে সোজা পাইপের সংযোগ, বিভিন্ন সাইজ ও সেপের পাইপের সাথেমিলানো এবং অন্যান্য উদ্দেশ্যে-যেমন ফ্লুইডের প্রবাহ নিয়ন্ত্রণ করতে ব্যবহৃত হয়।	
সকেটঃ এটি পাইপিং সিস্টেমে সোজা পাইপের সংযোগ, বিভিন্ন সাইজ ও সেপের পাইপের সাথে মিলানো এবং অন্যান্য উদ্দেশ্যে-যেমন ফ্লুইডের প্রবাহ নিয়ন্ত্রণ করতে ব্যবহৃত হয়।	
মাল্টি-ক্রস (X) জয়েন্টঃ পস্ন্যাম্বিং কাজে এটি ব্যবহৃত হয় এটি সমান বা অসমান আকারের হয়।	
’S’ ট্র্যাপ ঃ স্যানিটারি এপিস্নকেশন্স-এ গ্যাস ও নোংরা দুর্গন্ধ বন্ধ করে দিতে ব্যবহৃত হয়।	
‘P’ ট্র্যাপ ঃ স্যানিটারি এপিস্নকেশন্স-এ গ্যাস ও নোংরা দুর্গন্ধ বন্ধ করে দিতে ব্যবহৃত হয়।	

Ú’ ট্র্যাপ ঃ স্যানিটারি এপিস্নকেশন্স-এ গ্যাস ও নোংরা দুর্গন্ধ বন্ধ করে দিতে ব্যবহৃত হয়।	

আপনি জানেন কি ?

১. ম্যানুফ্যাকচারার্স/প্রস্তুতকারকের নির্দেশনা অনুযায়ী সকল ফিটিংস ব্যবহার করতে হবে।
২. ভিন্ন ফিটিংসের (উপকরণ) সংমিশ্রণ পরিহার করা উচিত

শিখন ফল ৫.৩ - ট্রেন্সিং ও বেডিং এর কাজ সম্পাদন করা।

বিষয়বস্তু ঃ

- ট্রেন্স/এক্সেভেশন (খনন/কাটা) লে-আউট পদ্ধতি
- ট্রেন্স এর গ্রেড/স্স্নোপ বা ঢাল ঃ নির্ণয় এবং প্রয়োগের পদ্ধতি
- বেন্ডিং বা বাকানো উপকরন ঃ বালি, গ্রাভেল, কংক্রিট এবং ইট

অ্যাসেসমেন্ট ক্রাইটেরিয়াঃ

১. সাইট ভিজিট/পরিদর্শনের রেজাল্ট এবং পস্নাম্বিং প্ল্যান অনুযায়ী ট্রেন্স/এক্সেভেশন (খনন/কাটা) এরিয়া/লাইন লে-আউট করা।
২. কর্মক্ষেত্রেরচাহিদা এবং পস্নাম্বিং প্ল্যান অনুযায়ী খনন করা।
৩. কর্মক্ষেত্রেরচাহিদা এবং পস্নাম্বিং প্ল্যান অনুযায়ী খননের সময় গ্রেড/স্স্নোপ/পিচ বজায় রাখা।
৪. কর্মক্ষেত্রেরচাহিদা এবং পস্নাম্বিং প্ল্যান অনুযায়ী বেডিং উপকরণ বসানো।

ইনফরমেশন শীট ৫.৩.১

শিখন উদ্দেশ্য ঃ কর্মক্ষেত্রে সুয়্যার পাইপ লাইন স্থাপনের জন্য ট্রেন্সিং ও বেডিং এর কাজ সম্পাদন করতে পারবে।

জরম্নরী কাজসমূহ/কার্যাবলিঃ

প্লাম্বিং প্ল্যান ও প্রয়োজন অনুযায়ী ট্রেন্সিং ও বেডিং (খনন ও কাজের জায়গা) এর কাজ শেষ করতে নিম্নলিখিত কাজগুলি সম্পাদন করতে হবে ঃ

১. প্লাম্বিং প্ল্যান/স্পেসিফিকেশন সংগ্রহ করে পড়া বা বোঝা এবং সাইট ভিজিট করা।
২. পরিকল্পিত রম্নট অনুযায়ী পাইপ হিসাব করা।
৩. ট্রেন্সিং ও এক্সাভেশন কাজের জন্য লে-আউট করা।
৪. জব/কাজের প্রয়োজন অনুযায়ী ট্রেন্সিং/এক্সাভেশন এর সাইজ বা আকার নির্ধারন করা।
৫. স্স্নাইডিং (পিচ্ছিলতা) বা ৰয় (যদি ঘটে) এড়াতে ট্রেন্স এর সাইডগুলি (চারিদিকে) বাধা।
৬. স্পেসিফিকেশন ও জবের প্রয়োজন অনুযায়ী ট্রেন্স এর গ্রেড/স্স্নোপ বা ঢাল রাখা।
৭. সুয়্যার পাইপের নিরাপত্তার জন্য বেডিং উপকরন বিছানো।

ট্রেন্স এবং বেডিংঃ

- ট্রেন্স/খনন করা শুরম্ন করুন। কোনো ট্রেন্সের কাজ শুরম্ন করতে হলে ট্রেন্সের ভিতরে এবং বাইরে (ইনসাইড এবং আউটসাইড) কর্মীদেরকে রক্ষা করতে যাবতীয় নিরাপত্তা বজায় রাখতে হবে-এ বিষয়ে সতর্ক থাকতে হবে।
- ট্রেন্সের নিচ হতে আলগাকৃত ময়লা দূরীকরণ এবং ট্রেন্সের নিচে গ্রেড তৈরি করা যাতে পাইপটি সারফেসের উপর সমতলে বসানো যায়।
- ট্রেন্স ব্যাকফিল্ড (ভর্তি করা) করার পর সুয়্যার পাইপের স্যাগ (ঝুলে পড়া) হওয়ার সম্ভাবনা কমাতে কখনো কখনো অতিরিক্ত সাপোর্ট প্রদানের জন্য বেডিং উপকরণ বসানোর প্রয়োজন হয়।
- বেডিং এর জন্য ব্যবহৃত বালি সর্বোৎকৃষ্ট উপকরণ। ব্রিক চিপস (ইটের টুকরা) বা গ্রাবেল (নুড়ি পাথর) বেডিং উপকরণ হিসেবে ব্যবহার হতে পারে।
- ধারালো পাথর বা অন্যান্য উপকরন সামগ্যী ব্যবহার না করার জন্য সতর্ক থাকতে হবে যা কখনো কখনো সুয়্যার পাইপকে স্বরাঘাত/ছিদ্র করতে পারে।

গ্রেড/স্লোপ ঃ

- দ্রম্নত নিষ্কাশনের জন্য সুয়্যার পাইপের যথাযথ স্লোপ রাখা জরম্নরী যাতে সলিড বস্তু দিয়ে পাইপের মুখ বন্ধ না হয়ে লিকুইড/তরল কোনোরূপ বাঁধা ছাড়াই বের হতে পারে।
- অধিক সমতল পাইপ বর্জ্যকে বেশি দূরত্বে যেতে বাধা দিবে। সাধারণত এটি চিন্তা করা হয় যে-পাইপ যত খাড়া হবে লিকুইড (তরল পদার্থ) ততো দ্রম্নত প্রবাহিত হবে এবং সলিড (কঠিন পদার্থ) বস্তু যেতে পারবে না।

স্ট্যান্ডার্ড হরিজেন্টাল ড্রেনেজ পাইপ স্লোপ ঃ

- আন্তর্জাতিক প্লাম্বিং কোড অনুসারে, ইউনিফর্ম স্লোপ এর জন্য নিম্নোলিখিত মিনিমাম/ন্যূনতম পিচ অনুসরণ করে ড্রেনেজ পাইপ বসানো উচিৎ ঃ

পাইপের ব্যাস	মিনিমাম/ন্যূনতম স্লোপ
২$^{১}/_{২}$ ইঞ্চি বা এর চেয়ে ছোট	১/৪ ইঞ্চি প্রতি ফুটে
৩ ইঞ্চি হতে ৬ ইঞ্চি	১/৮ ইঞ্চি প্রতি ফুটে
৮ইঞ্চি বা এর চেয়ে বড়	১/১৬ ইঞ্চি প্রতি ফুটে

বড় ব্যাসের সুয়্যার পাইপের স্লোপ ঃ

- বড় ব্যাসের সুয়্যার লাইন স্থাপনের ক্ষেত্রে প্রয়োজনীয় হিসাব দ্বারা যথাযথ পিচ নির্ণয় করা হয়। সাধারণত, সুয়্যার লাইন ডিজাইন এমন হতে হবে, যেন সর্বোচ্চ শুষ্ক আবহাওয়া থাকা অবস্থায় (পিক ড্রাই ওয়েদার কন্ডিশন) প্রতি সেকেন্ডে ২ ফুট হারে প্রবাহিত হতে পারে।
- প্রবাহের হার সাধারণত প্রতি সেকেন্ডে ১০ ফুটের নিচে রাখা হয়। এই প্রবাহিত হারের জন্য প্রতি সেকেন্ডে ১০ ফুটের উপরের সুয়্যার পাইপ স্থাপন করতে হবে, পাইপ এর সিফটিং (নড়াচড়া) রোধ করতে নোঙর বা অন্য কোনো উপায়ে দৃঢ়ভাবে আটকাতে হবে।

বেডিং এবং সাপোর্ট মেটারিয়াল ঃ

- কর্মক্ষেত্রে স্যানিটারী ড্রেনেজ সিস্টেমের জন্য বেডিং মেটারিয়ালস নির্ধারণ এবং সঠিক পরিমানে প্রয়োগ করা জরম্নরী।
- বর্জ্য উপকরণ নিষ্কাশনের জন্য যদি সঠিক পদ্ধতি ব্যবহার না হয় সেক্ষেত্রে সুয়্যার পাইপ ক্ষতি বা লিকেজ হতে পারে যার ফলে বিল্ডিং এর স্ট্রাকচার/কাঠামো ক্ষতি হতে পারে।
- ড্রেনেজ সিস্টেম অবশ্যই উপযুক্ত গ্রাউন্ড/স্থানে স্থাপন হতে হবে যেখানে পাথর বা ধারালো/তীব্র বস্তু থাকবেনা।
- কাদামাটি, শিলা, শেল, নুড়ি অথবা ক্লে-গ্রাউন্ডে পাইপ বসানোর সময় অবশ্যই উপযুক্ত বেডিং মেটারিয়াল প্রয়োগ করতে হবে যেমন ঃ

- বালি
- ভাঙা ইট/চূর্ণ পাথর
- সিমেন্ট মর্টার
- সিমেন্ট কংক্রিট

- বেডিং এর জন্য ব্যবহৃত এই একই ধরনের উপকরণ সাইড সাপোর্ট এবং ওভার-লে জোন এর ৰেত্রেও ব্যবহৃত হয় ঃ

সেলফ-চেক কুইজ ৫.৩.১

নিচের স্টেটমেন্টগুলি পড়ুন এবং সত্য বা মিথ্যা লিখুন/চিহ্নিত করুনঃ

ক্রমিক নং	বিবরণ	সত্য	মিথ্যা
১	ড্রেনেজ সিস্টেম অবশ্যই উপযুক্ত গ্রাউন্ড/স্থানে স্থাপন হতে হবে যেখানে পাথর বা ধারালো/তীব্র বস্তু থাকবেনা		
২	আন্তর্জাতিক পস্নাম্বিং কোড অনুসারে ২$^{১}/_{২}$ ইঞ্চি ব্যাসের ড্রেনেজ পাইপের জন্য প্রতি ফুটে ১/4 ইঞ্চি ইউনিফর্ম স্লোপ/ পিচ হওয়া উচিৎ		
৩	আন্তর্জাতিক পস্নাম্বিং কোড অনুসারে ৩ ইঞ্চি হতে ৬ ইঞ্চি ব্যাসের ড্রেনেজ পাইপের জন্য প্রতি ফুটে ১ ইঞ্চি ইউনিফর্ম স্লোপ/ পিচ হওয়া উচিৎ		
৪	আন্তর্জাতিক পস্নাম্বিং কোড অনুসারে ৮ ইঞ্চি বা এর চেয়ে বড়ব্যাসের ড্রেনেজ পাইপের জন্য প্রতি ফুটে ১/২ ইঞ্চি ইউনিফর্ম স্লোপ/ পিচ হওয়া উচিৎ		
৫	ব্যবহৃত বেডিং মেটারিয়ালের মধ্যে বালি সর্বোৎকৃষ্ট উপকরণ		

<u>শিখন ফল ৫.৪ - স্যানিটারি পাইপ বসানো</u>

বিষয়বস্তু ঃ

- সুয়্যার পাইপ বসানোর পদ্ধতি
- বেল ইন্ডেড সুয়্যার পাইপ
- পিভিসি সুয়্যার পাইপ সীলিং/গস্নু বা আঠাঁলো উপকরণ ঃ সলভেন্টস, সীলেন্ট, (পস্নাস্টিক, রাবার, সিনথেটিক, সিলিকন), পিভিসি প্রাইমার দিয়ে স্থাপন করা
- সয়েল ও ভেন্টপাইপ বসানোর পদ্ধতি

অ্যাসেসমেন্ট ক্রাইটেরিয়াঃ

১. কর্মক্ষেত্রেরচাহিদা এবং পস্নাম্বিং পস্নান অনুযায়ী খনন করা অংশে সুয়্যার পাইপ বসানো।
২. পাইপের উপরের অংশে বেল-এন্ড লাগিয়ে বেল এন্ডেড সুয়্যার পাইপ বসানো।
৩. যথাযথ সীলিং/ আঠাঁলো উপাদান দিয়ে পিভিসি সুয়্যার পাইপ স্থাপন করা।
৪. কর্মক্ষেত্রেরচাহিদা এবং পস্নাম্বিং প্ল্যান অনুযায়ী সয়েল ও ভেন্টপাইপ স্থাপন করা।
৫. কর্মক্ষেত্র এবং পস্নাম্বিং প্ল্যান অনুযায়ী এলাইনমেন্ট এবং পাইপ এলিভেশন (উচ্চতা) চেক করা।

ইনফরমেশন শীট ৫.৪.১

<u>শিখন উদ্দেশ্য</u> ঃ কর্মক্ষেত্রে ট্রেন্সের উপর সুয়্যার পাইপ বসাতে পারবে।

নতুন সুয়্যার লাইন স্থাপনের টিপস/উপদেশ

- **সুয়্যার লাইন রম্নটের ম্যাপ ঃ** সুয়্যার লাইন স্থাপনের জন্য নির্ধারিত স্থানে কোনো আন্ডার গ্রাউন্ড হ্যাজার্ড আছে কিনা চেক করে রম্নট ম্যাপ তৈরি করা। লাইনটি কোন দিকে যাবে শুধুমাত্র সেটি দেখার জন্যই নয়, এটি আরও কি কি উপকরণ প্রয়োজন হবে তা পরিকল্পনা করতেও সহায়তা করে।
- **লে-আউট পাইপ ঃ** কোনো ধরণের স্থায়ী সংযোগ দেয়ার আগে প্ল্যান অনুযায়ী পাইপ বসানো। সবকিছুর পজিশন যথাযথহলে পাইপের সংযোগ/জোড়া দেয়া হয় ।
- **যথাযথ গ্রেড রাখা ঃ** গ্রাউন্ডের গ্রেডযখন নিচের দিকে ঢালু থাকে তখন কোনো ধরনের সাহায্য ছাড়াই পয়ঃ দ্রব্য ট্যাংক্কির দিকে প্রবাহিত হয়। যদি ভূমির লেভেল সমান হয় সেৰেত্রে সুয়্যার লাইনের জন্য নির্দিষ্ট স্স্নোপে ট্রেন্স খনন করা হয়, যেন ময়লা-আবর্জনা জমে/স্থির না থেকে সয়ংক্রিয়ভাবে ট্যাঙ্কি বরাবর যেতে পারে।
- **পর্যাপ্ত ট্রাপ ইনস্টল/স্থাপন ঃ** সুয়্যার লাইনের বিভিন্ন স্থানে পর্যাপ্ত সংখ্যক ট্রাপ বসানো হয় যাতে একজন পস্ন্যাম্বার সহজেই পাইপে জমে/আটকে থাকা ময়লা-আবর্জনা বের করতে পারে।
- **পাইপের আস্ৰরণ ঃ** উন্মুক্ত স্থানে সুয়্যারলাইন বসানোর পরিবর্তে যদি পাইপে বালি অথবা ব্রিক/স্টোন চিপস দ্বারা আস্ৰরণ দেয়া হয় তবে কোনো ধরনের ৰয়ৰতি ব্যতিত সুয়্যার পাইপ নিরাপদ থাকে।

কিভাবে সুয়্যার পাইপ স্থাপন করবে?

- পর্যাপ্ত স্স্নোপ/ঢাল রেখে সতর্কভাবে সুয়্যার পাইপ স্থাপন করা প্রয়োজন।
- সব ধরনের পাইপ বা কালভার্ট মেটারিয়ালের জন্য ইনস্টলেশন পদ্ধতি ও প্রক্রিয়া মোটামুটি একই ধরনের।
- সুয়্যার মেটারিয়ালের উপর ভিত্তি করে কাজ সহজ বা অধিক জটিল হতে পারে সেৰেত্রে ইনস্টলেশন প্রক্রিয়া অধিক চ্যালেঞ্জিং হবে এবং বেশি পরিমানে ইকুইপমেন্ট ও লেবার প্রয়োজন হবে।

সুয়্যার পাইপ লে করা/বসানো ঃ

- ট্রেন্সের একটি নির্বাচিত অংশ প্রস্তুতকরে তার মাঝে সুয়্যার পাইপ বসানো
- এটি কাজ শুরম্ন করার জন্য পাইপের শেষ প্রান্ৰ এবং সর্বোচ্চ উচ্চতার নির্দেশনা দেয়

- যদি সুয়্যার পাইপে বেল ইন্ডেড থাকেসেৰেত্রে লিকেজর সম্ভাবনা কমাতে পাইপের উপরিভাগে অবশ্যই বেল ইন্ড সেট করতে হবে
- পাইপের মেইল ইন্ড ফিমেইল ইন্ডের মধ্যে প্রবেশ করিয়ে হালকাভাবে প্যাচ দিতে হবে
- পাইপের এলাইনমেন্ট এবং পিচ এর সঠিকমান নিশ্চিত করতে পাইপ বরাবর স্ট্রিং লাগানো হয়
- স্ট্রিং অবশ্যই একই স্লেম্নাপের সাথে লাগাতে হবে, যেন পাইপটি অবশ্যই ফিনিশং লেভেল হতে ঠিক ১ ফুট উপরে থাকে

সেলফ-চেক কুইজ ৫.৪.১

ক্রমিক নং	বিবরণ	সত্য	মিথ্যা
১	বর্জ্য পানি সিস্টেমের একটি অবিচ্ছেদ্য অংশ হলো সুয়্যার লাইন		
২	রিপেয়ার কাজ অথবা জমে থাকা বস্তু বের করে আনতে সুয়্যার লাইনের ট্রান্স এর গুরম্নত্ব নাই		
৩	উন্মুক্ত স্থানে সুয়্যার লাইন বসানোর পরিবর্তে যদি পাইপে বালি অথবা ব্রিক/স্টোন চিপস দ্বারা আস্ৰরণ দেয়া হয় তবে কোনো ধরনের ৰয়ৰতি ব্যতিত সুয়্যার পাইপ নিরাপদ থাকে		
৪	গ্রাউন্ডের গ্রেড যখন নিচের দিকে ঢালু থাকে তখন কোনো ধরনের সাহায্য ছাড়াই পয়ঃ দ্রব্য ট্যাংক্কির দিকে প্রবাহিত হয়		
৫	লিকেজর সম্ভাবনা কমাতে পাইপের সুয়্যার পাইপের উপরিভাগে অবশ্যই বেল ইন্ড সেট করতে হবে		

ইনফরমেশন শীট ৫.৪.২

শিখন উদ্দেশ্য ঃ কর্মক্ষেত্রে পিভিসি সুয়্যার পাইপ বসাতে/স্থাপন করতে পারবে।

কিভাবে পিভিসি সুয়্যার পাইপ বসাবে/স্থাপব করবে (স্বচিত্র উপস্থাপনা) ঃ

মডিউল ৪ ঃ ইউপিভিসি/সিপিভিসি পাইপ দ্বারা পানির সাপস্নাই লাইন স্থাপন করা মডিউলের শিখন ফল ৪.৩ এর অনুরম্নপ- ইউপিভিসি/সিপিভিসি পাইপের সংযোগ সম্পাদন

প্রচলিত পদ্ধতিতে ইউপিভিসি/সিপিভিসি পাইপে বেল জয়েন্টঃ

মডিউল ৪ ঃ ইউপিভিসি/সিপিভিসি পাইপ দ্বারা পানির সাপস্নাই লাইন স্থাপন করা মডিউলের ইনফরমেশন শীট ৪.৩.১ এর অনুরম্নপ- ইউপিভিসি/সিপিভিসি পাইপের সংযোগ সম্পাদন

হিট গান দ্বারা ইউপিভিসি/সিপিভিসি পাইপে বেল জয়েন্টঃ

মডিউল ৪ ঃ ইউপিভিসি/সিপিভিসি পাইপ দ্বারা পানির সাপস্নাই লাইন স্থাপন করা মডিউলের ইনফরমেশন শীট ৪.৩.১ এর অনুরম্নপ- ইউপিভিসি/সিপিভিসি পাইপের সংযোগ সম্পাদন

সোলিং/ গস্নু বা আঠালো উপকরণঃ

এটি এক ধরণের উপাদান যা সারফেস/পাইপের সংযোগস্থল/পাইপের খোলা মুখে প্রয়োগ করে ফ্লুইডের প্রবাহ বন্ধ করতে ব্যবহৃত হয়। এটি নরম বা শক্ত, নমনীয় বা দৃঢ়, অস্থায়ী বা স্থায়ী হতে পারে। ইহা আঠাঁলো নয় কিন্তু কিছু

আঠাঁলো সীল্যান্ট আছে যাকে আঠালো সীল্যান্ট বা স্ট্রাকচারাল সীল্যান্ট বলে। সুয়্যার পাইপ লাইন স্থাপনের জন্য সীলিং/ গস্নু বা আঠা হিসেবে নিম্নলিখিত উপকরণ ব্যবহৃত হয়ঃ

- সলভেন্ট
- সিমেন্ট
- পস্নাস্টিক বেজড সীল্যান্ট
- রাবার বেজড সীল্যান্ট
- সিনথেটিক সীল্যান্ট
- পিভিসি প্রাইমার
- সিলিকন সীল্যান্ট

মনে রাখতে হবে ঃ

- বেল জয়েন্ট এর জন্য কাঙ্খিত স্থানে পাইপটি নরম হওয়ার পরে তাপ হ্রাস হওয়রি পূর্বেই অন্য পাইপ বেল তৈরীর জন্য অতি নিকটে আনতে হবে।
- প্রত্যেক পাইপের প্রান্তের ফিটিংস এর সাথে প্রাইমার ব্যবহার করতে হবে।

ইনফরমেশন শীট ৫.৪.৫

শিখন উদ্দেশ্য ঃ কর্মক্ষেত্রে স্যানিটারি ও ভেন্টপাইপ বসাতে পারবে।

নতুন সয়েল ও ভেন্টলাইন স্থাপনের টিপস/উপদেশ

সয়েল ও ভেন্টলাইন রম্নটের ম্যাপ ঃ সয়েললাইন স্থাপনের জন্য নির্ধারিত স্থানে কোনো আন্ডারগ্রাউন্ড হ্যাজার্ড আছে কিনা চেক করে রম্নট ম্যাপ তৈরি করা। লাইনটি কোন দিকে যাবে শুধুমাত্র সেটি দেখার জন্যই নয়, এটি আরও কি কি উপকরণ প্রয়োজন হবে তা পরিকল্পনা করতেও সহায়তা করে।

- **লে-আউট পাইপ ঃ** কোনো ধরণের স্থায়ী সংযোগ দেয়ার আগে প্ল্যান অনুযায়ী পাইপ বসানো। সবকিছুর পজিশন যথাযথ হলে পাইপের সংযোগ/জোড়া দেয়া হয় ।
- **যথাযথ গ্রেড রাখা ঃ** গ্রাউন্ডের গ্রেড যখন নিচের দিকে ঢালু থাকে তখন কোনো ধরনের সাহায্য ছাড়াই পয়ঃ দ্রব্য ট্যাংক্বির দিকে প্রবাহিত হয়। যদি ভূমির লেভেল সমান হয় সেৰেত্রে সুয়্যার লাইনের জন্য নির্দিষ্ট স্স্নোপে ট্রেন্স খনন করা হয়, যেন ময়লা-আবর্জনা জমে/স্থির না থেকে সয়ংক্রিয়ভাবে ট্যাঙ্কি বরাবর যেতে পারে।
- **পর্যাপ্ত ট্রাপ ইনস্টল/স্থাপন ঃ** সয়েল ও ভেন্টলাইনের বিভিন্ন স্থানে পর্যাপ্তসংখ্যক ট্রাপ বসানো হয় যাতে একজন পস্নাম্বার সহজেই পাইপে জমে/আটকে থাকা ময়লা-আবর্জনা বের করতে পারে।
- **পাইপের আস্ৰরণ ঃ** উন্মুক্ত স্থানে সয়েল বসানোর পরিবর্তে যদি পাইপে বালি অথবা ব্রিক/স্টোন চিপস দ্বারা আস্ৰরণ দেয়া হয় তবে কোনো ধরনের ৰয়ৰতি ব্যতিত স্যানিটারি পাইপ নিরাপদ থাকে।
- **ভেন্টলাইন ঃ** ভেন্টলাইন ছাদ থেকে কমপক্ষে ২ মিটার উপর পর্য্ন্ৰ বর্ধিত করে ভেন্ট পাইপ স্থাপন করতে হবে

কিভাবে সয়েল ও ভেন্ট পাইপ স্থাপন করবে ?

- পর্যাপ্ত স্স্নোপ/ঢাল (১ঃ২০ - ১ঃ৩০) রেখে সতর্কভাবে সয়েল পাইপ স্থাপন করা প্রয়োজন।
- সব ধরনের পাইপ বা কালভার্ট মেটারিয়ালের জন্য ইনস্টলেশন পদ্ধতি ও প্রক্রিয়া মোটামুটি একই ধরনের।
- সয়েল মেটারিয়ালের উপর ভিত্তি করে কাজ সহজ বা অধিক জটিল হতে পারে সেৰেত্রে ইনস্টলেশন প্রক্রিয়া অধিক চ্যালেঞ্জিং হবে এবং বেশি পরিমানে ইকুইপমেন্ট ও লেবার প্রয়োজন হবে।

সয়েল ও ভেন্ট পাইপ লে করা/বসানো ঃ

- ট্রেন্সের একটি নির্বাচিত অংশ প্রস্তুত করে তার মাঝে স্যানিটারি পাইপ বসানো
- এটি কাজ শুরম্ন করার জন্য পাইপের শেষ প্রান্ৰ এবং সর্বোচ্চ উচ্চতার নির্দেশনা দেয়
- যদি সয়েলপাইপে বেল ইন্ডেড থাকে সেৰেত্রে লিকেজর সম্ভাবনা কমাতে পাইপের উপরিভাগে অবশ্যই বেল ইন্ড সেট করতে হবে
- পাইপের মেইল ইন্ড ফিমেইল ইন্ডের মধ্যে প্রবেশ করিয়ে হালকাভাবে প্যাচ দিতে হবে
- পাইপের এলাইনমেন্ট এবং পিচ এর সঠিকমান নিশ্চিত করতে পাইপ বরাবর স্ট্রিং লাগানো হয়
- স্ট্রিং অবশ্যই একই স্স্নোপের সাথে লাগাতে হবে, যেন পাইপটি অবশ্যই ফিনিশং লেভেল হতে ঠিক ১ ফুট উপরে থাকে
- সয়েল লাইনের উপরি আংশের সাথে সংযোগ দিয়ে ছাদ থেকে কমপক্ষে ২ মিটার উপর পর্য্ন্ৰ বর্ধিত করে ভেন্টপাইপ স্থাপন করতে হবে

<u>শিখন ফল ৫.৫ - চুড়ান্তভাবে পাইপ রান বসানোর কাজ শেষ করা</u>

বিষয়বস্তু ঃ

- লীকেজ এবং নন-কনফারমেন্স/অকার্যকারিতা ঃ লীকেজ, পাইপের ধরন, পাইপ রানের স্লোপ/গ্রেড, পাইপের ৰতি (ড্যামেজ)
- কভারিং ম্যাটেরিয়াল্‌স বা উপকরণ ঃ বালি, নুড়ি এবং কংক্রীট (ঢালাই)

অ্যাসেসমেন্ট ক্রাইটেরিয়াঃ

১. সুয়্যারপাইপ স্থাপনের ফাইনাল রান সম্পন্ন করতে ফিটিংস লাগানো।
২. কর্মক্ষেত্র এবং পস্নাম্বিং লাইনের প্রয়োজনীয়তা অনুযায়ী ফাইনাল পাইপ রানের লিকেজ এবং অকার্যকারিতা (নন-কনফারেন্স) পরীক্ষা করা।
৩. প্রয়োজন মোতাবেক কাজটি পুনরায় করা বা সংসোধন করা।
৪. কর্মক্ষেত্র বা পস্নাম্বিং পস্নান এর প্রয়োজনীয়তা অনুযায়ী সুয়্যার পাইপ রানের উপরে কাভারিং মেটারিয়ালস (ঢেকে রাখার উপকরণ সামগ্রী) বসানো হয়েছে।

ইনফরমেশন শীট ৫.৫.১

<u>শিখন উদ্দেশ্য</u> ঃ কর্মক্ষেত্রে চুড়ান্তভাবে পাইপ বসানো বা স্থাপনের কাজটি শেষ করতে পারবে।

লীকেজ এবং নন-কনফারমেন্স/অকার্যকারিতা ঃ

নন-কনফারমেন্স হিসেবে নীচের পয়েন্টগুলি বিবেচনা করা জরম্নরী।

- লীক বা লীকেজ
- পাইপের ধরন (ব্যাস)
- পাইপ ফিটিংস এর ধরন
- পাইপ রানের স্লোপ/গ্রেড
- পাইপের ৰতি (ড্যামেজ)

কভারিং ম্যাটেরিয়াল্‌স বা উপকরণ ঃ

কভারিং ম্যাটেরিয়াল্‌স বা উপকরণ হিসেবে নিম্নলিখিত উপকরণসমুহ ব্যবহার করা যেতে পারে-

- এক্সক্যাভেটেড সয়েল (খননকৃত মাটি)
- ৰালি
- ব্রিক চিপস/স্টোন চিপস
- সিমেন্ট মর্টার (মশলা)
- সিমেন্ট কংক্রীট
- ওয়ার্নিং টেপ

ফাইনাল বা চূড়ান্ত পাইপ রান ঃ

- পাইপ রানের শেষ পান্তের পাইপের খন্ডিত অংশ জোড়া দেয়ার সমাভবনা থাকবে।
- স্থাপনের কাজ শেষ করতে অতিরিক্ত ফিটিংস লাগতে পারে, এ বিষয়ে সজাগ থাকবে।
- পাইপ স্থাপনের কাজ হলে, পাইপের সংযোগ বিচ্ছিন্ন হওয়া, ভেঙ্গে যাওয়া অথবা যথাযথ স্থাপন না হওয়া-এগুলি চেক বা পরীক্ষা করা।
- পাইপের উপর বালি বা নুড়ি বিছানো/বসানো। সুয়্যার পাইপের উপর কমপক্ষে ১০ ইঞ্চি কভার করাই উত্তম।
- র‌্যামার বা অন্য কোন উপযুক্ত কম্প্যাকশন ইকুউইপমেন্ট দ্বারা কভারিং ম্যাটেরিয়াল কম্প্যাক্ট (শক্ত) করা।
- দীর্ঘ পাইপ রানের জন্য, একটি পাইপ স্থাপনের কাজ শেষ করে পরবর্তী পাইপ সেগমেন্টে কাজ শুরু করতে হবে।
- কম্প্যাক্টেড সয়েলের প্রথম স্তর/লেয়ারের উপর ওর্য়ানিং টেপ বসানো জরুরী যাতে অন্যরা এক্সক্যাভেটিং বা খননের সময় বুঝতে পারে বা সজাগ থাকতে পারে যে, চিহ্নিত/ডিটেক্টেবল ওর্য়ানিং টেপের নীচেয় পাইপ বসানো আছে।

ব্যাকফিলিং অব এক্সক্যাভেশনস ঃ

- ব্যাকফিলিং হলো এক্সক্যাভেটেড আর্থ বা খননকৃত মাটি এমবেডমেন্ট অঞ্চলের চারিদিকে ট্রেন্স বা পরিখার মধ্যে প্রতিস্থাপন করা।
- ট্রেন্স বা পরিক্ষাটি ব্যাকফিল করার জন্য একই ধরনের ম্যাটেরিয়াল/উপকরণ ব্যবহার করা যেতে পারে যেটি মূলত কাটা হয়েছিলো, শিলা (রক), বিল্ডিং এর ময়লা অথবা অন্যান্য উপকরণ যা পাইপের ক্ষতি করতে পারে এমন কিছু হতে অবশ্যই মুক্ত উপকরণসমুহ প্রয়োগ করা হয়।

ম্যাটেরিয়াল বা উপকরণের পরিমান হিসাব ঃ

- আয়তন বের করার জন্য পরিখার দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা বা গভীরতা(গভীর ও অগভীর প্রান্তের) জানা দরকার।
- খননের আয়তন V =দৈর্ঘ্য (L), প্রস্থ (W) ও উচ্চতা বা গভীরতা (H) (গড়ে)

আপনি জানেন কি?

- ট্রেন্স বা পরিখাটি ব্যাকফিল করার জন্য একই ধরনের ম্যাটেরিয়াল/উপকরণ ব্যবহার করা যেতে পারে যেটি মূলত কাটা হয়েছিলো, শিলা (রক), বিল্ডিং এর ময়লা অথবা অন্যান্য উপকরণ যা পাইপের ক্ষতি করতে পারে এমন কিছু হতে অবশ্যই মুক্ত উপকরণসমুহ প্রয়োগ করা হয়।
- বাসাবাড়ীর জন্য সুয়্যার পরিদর্শন পিট অবশ্যই সোজা লাইন এবং প্রত্যেক টার্নিং পয়েন্টে ২০ ফুট (৬.০ মিঃ) দুরত্বে থাকতে হবে।

সেলফ-চেক কুইজ ৫.৫.১

নীচের প্রশ্নগুলির সঠিক উত্তর লিখুন ঃ

১. সুয়্যার পাইপ লাইন স্থাপনে কেন ওয়ার্নিং টেপ ব্যবহৃত হয় ?
২. ব্যাকফিলিং এর জন্য কোন ধরনের ম্যাটেরিয়াল ব্যবহার করা উচিৎ নয় ?
৩. ট্রেন্স বা পরিখা হতে খননকৃত ম্যাটেরিয়াল এর আয়তন কি ভাবে বের করে ?
৪. বাসাবাড়ীর সুয়্যার পরিদর্শন পিট সোজা লাইনে সর্বোচ্চ কত দুরত্বে থাকে ?

শিখন ফল ৫.৬ - কর্মক্ষেত্র পরিষ্কার ও রক্ষণাবেক্ষন করা

মডিউল-১ঃ পাইপের থ্রেডিং অপারেশন (প্যাচ কাঁটা) সম্পাদন মডিউলের ইনফরমেশন শীট ১.১.২ এর অনরম্নপ অনুসরন করুন

উত্তরমালা

উত্তরপত্র ৫.১.১

১. ৪ ইঞ্চি পাইপের জন্য অনুমোদিত পীচ হচ্ছে প্রতি ফুটে ১/৮ ইঞ্চি হতে ১/১৬ ইঞ্চি ।

উত্তরপত্র ৫.২.১

১. পলিভিনাইল ক্লোরাইড পাইপ
২. আন-পস্নাস্টিসাইজড পলিভিনাইল ক্লোরাইড পাইপ
৩. কাস্ট আয়রন পাইপ

উত্তরপত্র ৫.৩.১

১. সত্য
২. সত্য
৩. মিথ্যা
৪. মিথ্যা
৫. সত্য

উত্তরপত্র ৫.৪.১

১. সত্য
২. মিথ্যা
৩. সত্য
৪. সত্য
৫. মিথ্যা

উত্তরপত্র ৫.৫.১

১. কম্প্যাক্টেড সয়েলের প্রথম স্তর/লেয়ারের উপর ওর্য়ানিং টেপ বসানো জরম্নরী যাতে অন্যরা এক্সক্যাভেটিং বা খননের সময় বুঝতে পারে বা সজাগ থাকতে পারে যে, চিহ্নিত/ডিটেক্টেবল ওর্য়ানিং টেপের নীচেয় পাইপ বসানো আছে।
২. কোন ধরনের ধারালো/তীক্ষ্ম ম্যাটেরিয়াল/উপকরণ, বিল্ডিং এর ময়লা অথবা অন্যান্য উপকরণ যা পাইপের ক্ষতি করতে পারে এমন কিছু ব্যাকফিলিং এর জন্য ব্যবহার করা উচিৎ নয়।
৩. খননের আয়তন V = দৈর্ঘ্য (L), প্রস্থ (W) ও উচ্চতা বা গভীরতা (H) (গড়ে)
৪. বাসাবাড়ীর জন্য সুয়্যার পরিদর্শন পিট অবশ্যই সোজা লাইন এবং প্রত্যেক টার্নিং পয়েন্টে ২০ ফুট (৬.০ মিঃ) দুরত্বে থাকতে হবে।

মডিউল ৬ ঃ প্লাম্বিং ফিক্সারস স্থাপন করা

মডিউলের বিষয়বস্তু ঃ

মডিউল বিবরণঃ এই মডিউলটি প্লাম্বিং এর ফিক্সারস স্থাপন সম্পর্কিত স্কিলস, নলেজ, এটিচুড আলোকপাত করা হয়েছে। এতে অন্তর্ভূক্ত রয়েছে- পম্লাম্বিং ফিক্সারস স্থাপনের জন্য প্রস্তুত করা, টুলস, ইকুউইপমেন্ট ও মেটারিয়ালস সংগ্রহ করা, একটি নতুন টয়লেট বোল (কমোড) স্থাপন করা, আন্যান্য পম্লাম্বিং ফিক্সারস স্থাপন করা এবং কর্মক্ষেত্র পরিষ্কার/রৰণাবেৰন করা। এতে আরও অন্তর্ভূক্ত রয়েছে ইনফরমেশন শীট, একটিভিটি শীট, জব শীট, সেলফ চেক কুইজ এবং উত্তরমালা।

<u>শিখন ফল/লার্নিং আউটকামসমুহঃ</u>

মডিউলটি শেষ করার পর প্রশিৰণার্থীরা সামর্থ্য হবে-

৬.১ পম্লাম্বিং ফিক্সারস স্থাপনের জন্য প্রস্তুত করা।
৬.২ টুলস, ইকুইপমেন্ট ও মেটারিয়ালস সংগ্রহ করা।
৬.৩ একটি নতুন টয়লেট বোল (কমোড) স্থাপন করা।
৬.৪ অন্যান্য পম্লাম্বিং ফিক্সারস স্থাপন করা।
৬.৫ পাইপিং সিস্টেমের প্রেসার টেস্টিং (চাপের পরীক্ষা) সম্পাদন করা
৬.৬ কর্মক্ষেত্র পরিষ্কার/রৰণাবেৰন করা।

পারফরমেন্স ক্রাইটেরিয়া ঃ

১. কর্মক্ষেত্রের প্রয়োজন আনুযায়ী পম্লাম্বিং প্ল্যান ঠিক/নিশ্চিত করা হয়েছে।
২. ফিক্সারস স্থাপনের জন্যসাইট ভিজিট/পরিদর্শন করে কার্যাবলী ঠিক/নিশ্চিত করা হয়েছে।
৩. পম্লাম্বিং ফিক্সারস সংগ্রহ এবং এর কার্যকারিতা পরীক্ষা করা হয়েছে।
৪. সাইট ভিজিট/পরিদর্শন করে টুলস, ইকুইপমেন্ট এবং মেটারিয়ালস সংগ্রহ এবং এর কার্যকারিতা পরীক্ষা করা হয়েছে।
৫. পম্লাম্বিং ফিক্সচার ইনস্টল করার জন্য সাইটে জড়ো করা হয়েছে।
৬. ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম নির্বাচন করে ব্যবহার করা হয়েছে।
৭. টুলস, ইকুইপমেন্ট এবং মেটারিয়ালস সংগ্রহ এবং এর কার্যকারিতা পরীক্ষা করা হয়েছে।
৮. ফ্লাঞ্জের বোল্টের সাথে হোল/গর্তের সমস্বয় করেফ্লাঞ্জের উপর নতুন বোল রাখা এবং
৯. যথাযথ স্থানে ওয়াক্স রিং বসানো হয়েছে।
১০. ওয়াশার লাগিয়ে নাটগুলো যথাযথভাবে টাইট দেয়া হয়েছে।
১১. কর্মক্ষেত্রেরচাহিদা অনুযায়ী বোলের বেইজ/ভিত্তির চারপাশে অতিরিক্ত সীলিং মেটারিয়াল/উপকরণ প্রয়োগ করা হয়েছে।
১২. প্রস্তুতকারকের নির্দেশানুযায়ী বোলের উপর পানির ট্যাঙ্ক স্থাপন করা হয়েছে।
১৩. পম্লাম্বিং প্ল্যান, প্রস্তুতকারকের নির্দেশনা/ স্পেসিফিকেশন অনুযায়ী পম্লাম্বিং ফিক্সারস স্থাপন করা হয়েছে।
১৪. কর্মক্ষেত্রেরপ্রয়োজনানুযায়ী নতুনভাবে স্থাপিত পম্ল্যাম্বিং ফিক্সারসের লিকেজ এবং নন-কনফারমেন্স (সঠিকভাবে কাজ করে কি না) পরীক্ষা করা হয়েছে।
১৫. কর্মক্ষেত্রের প্রয়োজনীয়তা অনুসারে পুনর্ব্যবহার/সামঞ্জস্য করা হয়েছে।
১৬. কাজের ক্রিয়াকলাপগুলি পম্লাম্বিং পরিকল্পনা এবং কর্মক্ষেত্রের প্রয়োজনীয়তা অনুসারে চিহ্নিত করা হয়েছে।
১৭. চাপ পরীক্ষার পদ্ধতি এবং সর্বোচ্চ পরীক্ষার চাপ চিহ্নিত করা হয়েছে।
১৮. পাইপিং সিস্টেম সংযোগ পর্য্যালোচনা করা হয় এবং নিবিড়তার জন্য পরীক্ষা করা হয়েছে।
১৯. চাপ পরীক্ষার জন্য প্রয়োজনীয় সরঞ্জাম, সরঞ্জাম এবং উপকরণ সংগ্রহ করা হয়েছে।
২০. প্রাথমিক, মধ্যবর্তী এবং চূড়ান্ত পরীক্ষার চাপ ধীরে ধীরে সিস্টেমে প্রয়োগ করা হয়েছে।
২১. লিকের উপস্থিতি নির্ধারণের জন্য উপযুক্ত লিক টেস্টিং পদ্ধতি প্রয়োগ করা হয়েছে।
২২. লিক পরীক্ষার ফলাফল রেকর্ড করা হয় এবং অবিলম্বেরিপোর্ট করা হয়েছে।
২৩. পম্লাম্বিং টুলস/ইকুইপমেন্ট পরিষ্কার এবং রৰণাবেৰন করা হয়েছে।
২৪. কাজের স্থান পরিষ্কার করা এবং কর্মক্ষেত্রেরপ্রয়োজন অনুযায়ী বর্জ্য উপকরণ অপসারণ করা হয়েছে।

শিখন ফল ৬.১-পস্নাম্বিং ফিক্সারস স্থাপনের জন্য প্রস্তুত করা

বিষয়বস্তু ঃ

- টয়লেট বোল (কমোড), সাওয়ার, বাথ টাব, ওয়াশ বেসিন, কিচেন সিংক, ইউরিনাল, ওয়াটার ক্লোসেট, ড্রিকিং ফাউন্টেইন, টার্মিনাল ভাল্ব/ফোসেট স্থাপন/রিপেয়ার এর কার্যাবলি।
- পস্ন্যাম্বিং ফিক্সারঃ টয়লেট বোল (কমোড), সাওয়ার, বাথ টাব, ওয়াশ বেসিন, কিচেন সিংক, ইউরিনাল, ওয়াটার ক্লোসেট, ড্রিকিং ফাউন্টেইন, টার্মিনাল ভাল্ব/ফোসেট।

অ্যাসেসমেন্ট ক্রাইটেরিয়া ঃ

১. পস্নাম্বিং পস্নান এবং কর্মক্ষেত্রেরপ্রয়োজন আনুযায়ী পস্নাম্বিং ফিক্সারস স্থাপনের কার্যাবলী ঠিক বা নিশ্চিত করা।
২. স্থাপনের আগেকাজের সাইট ভিজিট করে প্রস্তুত করা।
৩. পস্নাম্বিং ফিক্সারস সনাক্তকরণ ওসংগ্রহ করে এর কোয়ালিটি এবয় কার্যকারিতা পরীক্ষা করা।

ইনফরমেশন শীট ঃ ৬.১.১

শিখন উদ্দেশ্য ঃ কর্মক্ষেত্রে পস্নাম্বিং ফিক্সারস বসানো/স্থাপনের প্রস্তুতি গ্রহনে সংশিস্নষ্ট কার্যাবলি ঠিক/নিশ্চিত করতে পারবে।

কার্যাবলি/কাজসমূহ ঃ

কর্মক্ষেত্রে পস্নাম্বিং ফিক্সারস স্থাপনের জন্য সাইট ভিজিট/পরিদর্শন করে নিম্নলিখিত প্রয়োজনীয় কাজসমূহ চিহ্নিত/নিশ্চিত করা হয়।

- টুলস এবং ইকুইপমেন্ট সংগ্রহ ঃ প্রয়োজনীয় পরিমানের টুলস এবং ইকইপমেন্ট সংগ্রহ এবং মজুদ/স্টক ও এর কার্যকারিতা চেক করবে।
- মেটারিয়ালস সংগ্রহ এবং স্টক/মজুদ ঃ মানসম্মত পাইপ এবং অন্যান্য মেটারিয়াল সংগ্রহ করবে এবং ব্যবহারের জন্য যথাযথ স্থানে মজুদ/স্টক করবে।
- পস্ন্যাম্বিং ফিক্সারস এবং ফিটিংস ঃ কর্মক্ষেত্রে প্রয়োজনানুযায়ী মানসম্মত পস্ন্যাম্বিং ফিক্সারস এবং ফিটিংস সংগ্রহ করবে এবং মজুদ করবে।

পস্নাম্বিং প্ল্যান ঃ

কোথায় কোথায় ফিক্সারস, পাইপ এবং ভাল্ব আছে সেটি পস্ন্যাম্বিং এবং পাইপিং পস্নানে সুস্পষ্টভাবে দেখানো/প্রদর্শিত হয়। বাসা-বাড়ি /বিল্ডিং প্ল্যান ডিজাইন করতে পস্নাম্বিং এবং পাইপিং প্ল্যান খুবই গুরম্নত্বপূর্ণ।

পস্নাম্বিং ফিক্সারস বসানো/স্থাপন ঃ

- টয়লেট বোল (কমোড),
- সাওয়ার
- বাথ টাব
- ওয়াশ বেসিন
- কিচেন সিংক
- ইউরিনাল
- ওয়াটার ক্লোসেট (প্যান)
- ড্রিকিং ফাউন্টেইন
- টার্মিনাল ভাল্ব/ফোসেট
- ওয়াশ হ্যানড বেসিন
- বিডেট

ইনফরমেশন শীট ঃ ৬.১.২

<u>শিখন উদ্দেশ্য</u> ঃ পস্নাম্বিংয়ের ফিক্সারসমূহ নির্বাচন ও সংগ্রহ করে এর কার্যকারিতা এবং গুণাগুন/মান চেক করতে পারবে।

পস্নাম্বিং ফিক্সারস ঃ

পস্ন্যাম্বিং ফিক্সারস একটি পরিবর্তনযোগ্য ডিভাইস যা পানি এবং মানব বর্জ্য সংগ্রহ/গ্রহন এবং সরবরাহ বা নিষ্কাশনের জন্য পস্নাম্বিং সিস্টেমে সংযুক্ত থাকে।

ওয়াটার ক্লসেট ঃ এক প্রকার টয়লেট যার ভিতর দিয়ে পানির প্রবাহ দ্বারা ইহার বর্জ্য পরিস্কার করে ফেলা হয়। এটি মানব বর্জ্য সংগ্রহ ও দুর করতে ব্যবহৃত হয়।	
লং প্যান ঃ এটি মানব বর্জ্য সংগ্রহ ও দুর করতে ব্যবহৃত হয়।	
ওয়াস বেসিন ঃ হাত ও মুখমন্ডল ধৌয়ার জন্য ব্যবহৃত হয়। এটি বিভিন্ন ধরনের হতে পারে।	

কিচেন সিঙ্ক ঃ থালা-বাসন ধুতে বা ধৌত করনে ব্যবহৃত হয়।	
শাওয়ার ঃ নিজেকে ধুয়ে/পরিষ্কার করতে উষ্ণ/গরম পানির ধারা প্রদানে ব্যবহৃত হয়।	
বাথ-টাব ঃ গোসলের পানি ধারনের জন্য ব্যবহৃত হয়।	

ইউরিনাল ঃ
এটি মুত্র ত্যাগ করার কাজে ব্যবহৃত হয়।

 স্কোয়াটিং টাইপ	 বোল টাইপ	 সেন্সর অপারেটেড ইউরিনাল

ড্রিংকিং ফাউন্টেইন ঃ এটি পানি পানের জন্য ব্যবহৃত হয়।	
টার্মিনাল ভাল্ব/ফসেট ঃ এটি থাল বাসন ধোয়া, বরফ তৈরি, শীতলীকরণ অথবা অন্যান্য উদ্দেশ্যে ব্যবহৃত হয়। এটি সাধারণত পানির প্রবাহ নিয়ন্ত্রণ করে।	
বিডেট ঃ এটি সাধারণত বাথরুমে যৌনাঙ্গ, প্রিনিয়াম, অভ্যন্তরীণ নিতম্ব এবং মলদ্বার ধৌত করার জন্য ব্যবহৃত হয়।	

হ্যান্ড ড্রাইয়ার ঃ স্বয়ংক্রিয়ভাবে হাত শুকানোর জন্য এটা ওয়ালের সাথে স্থাপন করা হয়।	
সেন্সর বেসিন/ফসেট ঃ পানি দিয়ে স্বয়ংক্রিয়ভাবে হাত ধোয়ার জন্য এটি ওয়াশ বেসিনের সাথে লাগানো হয়।	

শিখন ফল ৬.২ - টুলস, ইকুইপমেন্ট ও মেটারিয়ালস সংগ্রহ করা।

মডিউল-১ ঃ পাইপের থ্রেডিং অপারেশন (প্যাচ কাঁটা) সম্পাদন মডিউলের শিখন ফল ১.১ এর অনুরূপ অনুসরন করুন

শিখন ফল ৬.৩ - একটি নতুন টয়লেট বোল (কমোড) বসানো বা স্থাপন করা

বিষয়বস্তু ঃ

- টয়লেট বোল (কমোড) স্থাপন।
- এক্সেসসরিজ (আনুসাঙ্গিক জিনিস) ঃ ওয়াক্স রিং, নাট এবং বোল্ট, ওয়াসার ইত্যাদি।
- সীলিং/ গস্নু বা আঠালো উপকরণ ঃ সিমেন্ট কংক্রীট, গ্রোমেট (রাবার ও পস্নাস্টিক), সীল্যান্ট (রাবার, পস্নাস্টিক, সিলিকনওসিনথেটিক), ওয়াক্স সীল।

অ্যাসেসমেন্ট ক্রাইটেরিয়া ঃ

১. বোল্টের সাথে সমন্বয় করে টয়লেট বোল ফ্লাঞ্জ স্থাপর করা।
২. টয়লেট বোলের নীচেয় একটি নতুন ওয়াক্স (মোমের) রিং সঠিকভাবে বসানো।
৩. ফ্লাঞ্জের বোল্টের সাথে হোল/গর্তের সমস্বয় করে ফ্লাঞ্জের উপর নতুন বোল রাখা যথাযথ স্থানে ওয়াক্স রিং বসানো।
৪. ওয়াশার লাগিয়ে নাটগুলো যথাযথভাবে টাইট দেয়া।
৫. কর্মক্ষেত্রেরচাহিদা অনুযায়ী বোলের বেইজ/ভিত্তির চারপাশে অতিরিক্ত সীলিং মেটারিয়াল প্রয়োগ করা।
৬. প্রস্তুতকারকের নির্দেশানুযায়ী বোলের উপর পানির ট্যাঙ্ক স্থাপন করা।

ইনফরমেশন শীট ঃ ৬.৩.১

শিখন উদ্দেশ্য ঃ কর্মক্ষেত্রে একটি নতুন বোল (কমোড) স্থাপন করতে পারবে।

নিম্নলিখিত ধাপগুলি অনুসরন করে একটি নতুন বোল (কমোড) স্থাপন করতে হবে ঃ

১. কমোড সেট, প্রয়োজনীয় টুলস্, ইকুইপমেন্ট, মেটারিয়ালস্ এবং ড্রয়িং সংগ্রহ করা।
২. লে-আউট অনুযায়ী ফ্লোর ও দেয়াল/ওয়াল মাকিং করা।
৩. ড্রয়িং এর মাপ অনুযায়ী ফ্লোর/ওয়াল কাটা।
৪. ফ্লোরে ড্রিল পয়েন্ট মার্ক/চিহ্নিত করতে কমোড ফ্লোরের উপর রাখা।
৫. ড্রিল মেশিন দ্বারা মার্কিং/চিহ্নিত পয়েন্টে ড্রিল বা ছিদ্র করা।
৬. ছিদ্রের মাঝে রয়েল পস্নাগ সেট করা/বসানো।
৭. ফ্লোরের উপর কমোডটি বসানো/রাখা।
৮. কমোড স্ক্রু ড্রিলিং পয়েন্টে রেখে সঠিকভাবে টাইট দেয়া।
৯. কমোডের সাথে সিট ও সিট কভার ফিক্সড করা।
১০. সাদা সিমেন্ট মিক্সার দিয়ে কমোড বসানোর এরিয়া/জায়গা সমান করা।
১১. লে-আউট অনুযায়ী কমোডের সাথে সয়েল পাইপ সংযোগ দেয়া।
১২. কানেকশন পাইপ দিয়ে সিস্টার্ন (ট্যাঙ্ক) ও কমোডের সাথে এঙ্গেল ভাল্ব লাগানো।
১৩. পুস শাওয়ার সেট করার জায়গা মার্ক/চিহ্নিত করা।
১৪. ড্রিল মেশিন দ্বারা মার্কিং/চিহ্নিত পয়েন্টে ড্রিল বা ছিদ্র করে পুস শাওয়ার ফিক্সড করা।
১৫. স্ক্রু দিয়ে পুস শাওয়ার স্ট্যান্ড ফিক্সড করা।
১৬. টু ইন ওয়ান (একের ভিকর দুই) বিব-কক এর সাথে পুস শাওয়ার সংযোগ দেয়া।
১৭. কমোডের লো-ডাউন ও পুস শাওয়ার সুইচ অন/অফ করে পারফর্মেন্স (কার্যকারিতা) চেক করা।
১৮. কর্মক্ষেত্র পরিষ্কার করা এবং টুলস্ ইকুইপমেন্ট এবং অতিরিক্ত বা অব্যবহৃত মেটারিয়ালস সংরৰন করা।

একটি নতুন টয়লেট বোল (কমোড) স্থাপনের কার্যাবলি (ছবির মাধ্যমে উপস্থাপন) ঃ

ফ্লোরের যেখানে কমোডের প্যান স্থাপিত হবে ঠিক সেই স্থানে রাখুন। প্যানটি শক্তভাবে যথাযথ স্থানে ধরষ্নন এবং পেন্সিল দিয়ে ফ্লোরের উপর প্যানের প্যাডেস্টাল এর সেইপ/আকৃতি মার্কিং করুন।	
কংক্রিট ফ্লোরের যেখানে ছিদ্র/ হোল করতে হবে সেই এরিয়া এ্যাঙ্গেল গ্রাইন্ডার দিয়ে কাটুন।	
হ্যামার এবং চিজেল দিয়ে ফ্লোরে হোল/গর্ত কাটুন এবং ক্লসেট বেন্ড ফিট করুন।	
কংক্রিটে রয়েল বোল্ট ঢুকানো/বসানোর জন্য ছিদ্র করুন।	
ফিনিস্ড ফ্লোরের উপর ফ্লাঞ্জ না বসা পর্যন্ৰ ক্লসেট বেন্ড-এর উপর ফ্লোর ফ্লাঞ্জ স্থাপন করুন।	
ইউপিভিসি দিয়ে সয়েল পাইপ গঠন করতে একটি জয়েন্ট তৈরি করুন।	

থ্রেডের অংশ উপরের দিকে রেখে ফ্লাঞ্জ-এর স্সটের ভিতর দু'টি রাওয়াল বোল্ট ঢোকান। যদি বোল-এর ৪টি বোল্ট থাকে, তবে বোলটিকে প্রথমে ঠিকমত ফ্লাঞ্জ-এর উপর স্থাপন করুন এবং দু'টি অতিরিক্ত বোল্টের জন্য স্পট মার্ক করুন। এসকল বোল্টগুলিকে মার্ককৃত জায়গার ভিতর সেট করুন।	
বোল-এর ফেস-এ কোন প্রকার আঁচড় যাতে না লাগে সেজন্য সুরক্ষামূলক পূরাতন খবরের কাগজ অথবা কাঠের স্ট্রিপের উপর রেখে বোলটির উপরের দিক নিচে ঘোরান। হর্ণ-এর উপর ওয়াক্স গ্যাসকেট সেট করুন।	
বোলটিকে খাড়াভাবে ঘোরান এবং ইহাকে ফ্লাঞ্জ-এর উপর বোল্ট-এর সাথে সেট করুন।	
বোলের গর্তের ভিতর দিয়ে বোল্ট ঢুকিয়ে বোলটিকে ফ্লাঞ্জ-এর উপর সেট করুন।	
প্রতিটি বোল্ট-এ একটি করে ওয়াশার এবং নাট বসান এবং প্রতিটি নাট পর্যায় µমে বোল সেট হওয়া এবং নাট-এর ক্যাপ ফিটিং হওয়া পর্যন্ত টাইট দিন।	
বোলটি যে লেভেল অবস্থানে আছে তা নিশ্চিত করুন।	

এ্যাঙ্গেল ষ্টপকক স্থাপন করে কমোড এবং পুশ শাওয়ারে ঠান্ডা পানি সাপস্নাই-এর রন্নট মার্ক করুন।	
পাইপ টানার জন্য দেওয়ালে খাঁজ কাটতে একটি এ্যাঙ্গেল গ্রাইন্ডার ব্যবহার করুন।	
হ্যামার এবং চিজেল দিয়ে খাঁজের জায়গার পস্নাষ্টার অপসারণ করুন।	
সিষ্টার্ন/ট্যাঙ্ক লাগান।	
বোল্টের সাথে ওয়াশার লাগিয়ে সিষ্টার্নকে বোল-এর সাথে আটকান।	

সিষ্টার্ন-এর ভিতরের দিক থেকে এ্যাঙ্করিং বোল্ট টানুন।	
লক নাটগুলি যথাযথভাবে টাইট দিন।	
সিষ্টার্ন বোল-এর উপর জায়গামত বসে যাবে।	
সীট এবং সীট কভার স্থাপন করতে প্রস্তুত করুন।	
সীট এবং সীট কভার জায়গামত আটকান।	
এ্যাঙ্গেল ষ্টপকক লাগান এবং ঠান্ডা পানি সাপস্নাই-এর সাথে সংযোগ করুন।	

এ্যাঙ্গেল ষ্টপকক থেকে সিষ্টার্ন পর্যন্ত ঠান্ডা পানির সাপস্নাই লাইন-সংযোগ করুন।	
প্রদানকৃত এ্যাঙ্গেল ষ্টপকক-এর সাথে পুশ শাওয়ার স্থাপন এবং সংযোগ করুন।	
প্রাইমার এবং সলভেন্ট সিমেন্ট দিয়ে কমোডের আউটলেটে ইউপিভিসি ট্র্যাপ এবং সয়েল লাইনের সাথে সংযোগ করুন।	

<table>
<tr><th colspan="4">জব শীট ৫</th></tr>
<tr><td>কোয়ালিফিকেশন:</td><td colspan="3">পস্নাম্বিং</td></tr>
<tr><td>লার্নিং ইউনিট:</td><td colspan="3">একটি নতুন টয়লেট বোল (কমোড) স্থাপন করা</td></tr>
<tr><td>প্রশিৰণার্থীর নাম:</td><td colspan="3"></td></tr>
<tr><td>ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম (পিপিই):</td><td colspan="3">হ্যান্ড গস্নভ্‌স, ভিসিবিলিটি ভেস্ট, সেফটি গগলস্‌, সেফটি বুট, হার্ড হ্যাট এবং ডাস্ট মাস্ক</td></tr>
<tr><td>মেটারিয়ালস:</td><td colspan="3">কমোড সেট, পুশ শাওয়ার, এ্যাঙ্গেল ষ্টপককস্‌, কানেকশন পাইপ, স্টিল ওয়্যার ব্রাশ, এলবো, বেন্ড, সকেট, টি, ইউনিয়ন, সিমেন্ট, বালি, ব্রিক/স্টোন চিপস্‌, কমোড সেট, টেফলন টেপ।</td></tr>
<tr><td>টুলস্‌ এবং ইকুইপমেন্ট:</td><td colspan="3">মেজারিং টেপ, হ্যাক-স, পেন্সিল, পাইপ কাটার, পাইপ রেঞ্জ, ডাইস্টক, পাইপ ভাইস, এ্যাঙ্গেল গ্রাইন্ডার, হ্যামার এ্যাকশন ড্রিল এবং মেসনারি ড্রিল বিট, হ্যামার, কোল্ড চিজেল, এ্যাডজাষ্টাবল রেঞ্চ, ওয়েল ক্যান, স্ক্রু-ড্রাইভার।</td></tr>
<tr><td>পারফরমেন্স ক্রাইটেরিয়া:</td><td colspan="3">১. কোন প্রকার ত্রম্নটি ছাড়া ড্রয়িং-এর শর্তানুসারে কমোড সেট স্থাপন করা হয়।
২. সঠিক হ্যান্ড এবং পাওয়ার টুলস্‌ নিরাপদভাবে ব্যবহার করা হয়।
৩. সঠিকভাবে ওয়াক্স সীল লাগানো হয়।
৪. সঠিক অবস্থানে সিষ্টার্ন শক্তকরে স্থাপন করা হয়।
৫. পাইপ টানার সকল খাঁজসমূহ সঠিক এবং পরিপাটিভাবে তৈরি করা হয়।
৬. কমোড অবশ্যই লেভেল করা হয়।
৭. কোন প্রকার লিকেজ ছাড়া কমোড অবশ্যই অপারেট করা হয়।
৮. কোন প্রকার লিকেজ ছাড়া পুশ শাওয়ার অবশ্যই অপারেট করা হয়।
৯. সয়েল পাইপের সাথে সংযোগ অবশ্যই কোন প্রকার লিকেজ ছাড়া করা হয়।</td></tr>
<tr><td>নোট ঃ</td><td colspan="3">▪ ড্রয়িং-এর অনুসারে একটি কমোড স্থাপন করুন।
▪ কমোডের সাথে এ্যাঙ্গেল ষ্টপকক সংযোগ করুন।
▪ ড্রয়িং অনুসারে একটি পুশ শাওয়ার স্থাপন করুন।
▪ একটি এ্যাঙ্গেল ষ্টপককের সাথে পুশ শাওয়ার সংযোগ করুন।</td></tr>
<tr><td>মেজারমেন্ট:</td><td colspan="3">হ্যাক’স’ অথবা পাইপ কাটার দ্বারা ড্রয়িং অনুযায়ী পিভিসি/ইউপিভিসি পাইপ কাঁটা</td></tr>
<tr><td>পদ্ধতি:</td><td colspan="3">১. প্রয়োজনীয় টুলস, ইকুইপমেন্ট ও মেটারিয়ালস সংগ্রহ এবং মজুদ করুন।
২. ফিনিস্‌ড ফ্লোরের উপর ফ্লাঞ্জ না বসা পর্যন্ত ক্লসেট বেন্ড-এর উপর ফ্লোর ফ্লাঞ্জ স্থাপন করুন
৩. ইউপিভিসি দিয়ে একটি জয়েন্ট তৈরি করুন।
৪. থ্রেডের অংশ উপরের দিকে রেখে ফ্লাঞ্জ-এর স্স্নটের ভিতর দু’টি রাওয়াল বোল্ট ঢোকান।
৫. কমোডটির উপরের দিক নিচে ঘোরান এবং হর্ণ-এর উপর ওয়াক্স গ্যাসকেট সেট করুন।
৬. বোলটিকে খাড়াভাবে ঘোরান এবং ইহাকে ফ্লাঞ্জ-এর উপর বোল্ট-এর সাথে সেট করুন।
৭. বোল্টের উপর নাট বসিয়ে টাইট দিন।
৮. বোল-এর লেভেল হওয়া নিশ্চিত করুন।
৯. সীট এবং সীট কভারসহ জায়গামত সিষ্টার্ন বসান।
১০. উভয় কমোড এবং পুশ শাওয়ারের সাথে এ্যাঙ্গেল ষ্টপকক সংযোগ করুন।</td></tr>
<tr><td>প্রশিৰণার্থীর স্বাৰর:</td><td></td><td>তারিখ:</td><td></td></tr>
<tr><td>এ্যাসেসরের স্বাৰর:</td><td></td><td>তারিখ:</td><td></td></tr>
<tr><td>কোয়ালিটি এসুরারের স্বাৰর:</td><td></td><td>তারিখ:</td><td></td></tr>
<tr><td>এ্যাসেসরের মন্তব্য:</td><td colspan="3"></td></tr>
</table>

সীলিং/ গম্বু বা আঠালো উপকরণঃ

- সলভেন্ট
- সিমেন্ট/ কংক্রীট
- গ্রোমেট (রাবার ও পস্নাস্টিক)
- সীল্যান্ট (রাবার, পস্নাস্টিক, সিলিকন ও সিনথেটিক)
- ওয়াক্স সীল
- হোয়াইট সিমেন্ট
- পিভিসি প্রাইমার

স্বতন্ত্র কাজ ঃ

- একটি নতুন বোল/কমোড কিভাবে স্থাপন করে তার ভিডিওটি দেখুন এবং কী পয়েন্টগুলো সামারাইজ করুন (যদি এভেইলএ্যাবল থাকে)।
- কার্যক্রম/জব শীট ৫ অনুযায়ী বোল/কমোড স্থাপন করুন (উপরে লৰ্য করুন)।

শিখন ফল ৬.৪ - অন্যান্য পস্নাম্বিং ফিক্সারস স্থাপন করা।

বিষয়বস্তু ঃ

- ওয়াশ হ্যান্ড বেসিন, শাওয়ার, বাথ টাব, কিচেন সিংক, ইউরিনাল, ওয়াটার ক্লোসেট (প্যান), বিডেট, ড্রিংকিং ফাউন্টেইন, টার্মিনাল ভাল্ব/ফসেট।
- লীকেজ এবং নন-কনফারমেন্স (অকার্যকারিতা) ঃ লীক বা লীকেজ, ড্যামেজ ফিক্সারস, ব্রোকেন/ড্যামেজ ফিটিংস, ভুল সাইজের পাইপ, ভুল সাইজের ফিটিং, ফ্লোর/দেয়াল ড্যামেজ।

অ্যাসেসমেন্ট ক্রাইটেরিয়াঃ

১. পস্নাম্বিং প্ল্যান, প্রস্তুতকারকের নির্দেশনা/স্পেসিফিকেশন অনুযায়ী পস্নাম্বিং ফিক্সারস স্থাপন করা।
২. কর্মক্ষেত্রেরপ্রয়োজনানুযায়ী সদ্য স্থাপিত পস্নাম্বিং ফিক্সারসের লিকেজ এবং নন-কনফারমেন্স (সঠিকভাবে কাজ করে কি না) পরীক্ষা করা।
৩. কর্মক্ষেত্রেরচাহিদা অনুযায়ী পুনরায়/অ্যাডজাস্ট করে কাজ সম্পাদন করা।

ইনফরমেশন শীট ঃ ৬.৪.১

শিখন উদ্দেশ্য ঃ কর্মক্ষেত্রে অন্যান্য পস্নাম্বিং ফিক্সারস স্থাপন করতে পারবে।

ওয়াশ হ্যান্ড বেসিন (হাত ধোয়ার বেসিন) স্থাপন করা ঃ

ওয়াশ হ্যান্ড বেসিন (হাত ধোয়ার বেসিন) স্থাপনের জন্য নিম্নলিখিত ধাপগুলি অনুসরন করতে হবে ঃ

১. প্রয়োজনীয় সকল এক্সেসোরিজসহ টুলস্, ইকুইপমেন্ট, মেটারিয়ালস্, বেসিন এবং ড্রয়িং সংগ্রহ করুন।
২. ড্রয়িং ও লে-আউট অনুসারে বেসিন, আয়না, গস্নাস সেফ, সাবান দানি, তোয়ালে রেইল ও লিকুইড ডিপেন্সার বসানোর জায়গা মার্ক করুন।
৩. ড্রিল মেশিন দিয়ে মার্ককৃত জায়গায় ছিদ্র করুন।
৪. ছিদ্রের ভিতর রাউল পস্নাগ ঢোকান।
৫. বেসিনের স্ক্রু/নাট ছিদ্রের ভিতর টাইট করে লাগান।
৬. বেসিনের সাথে বর্জ্য ও পিলার কক লাগান।
৭. লে-আউট অনুসারে বেসিন স্ক্রু দিয়ে ওয়াশবেসিন বসান।
৮. বেসিন ও বর্জ্য লাইনে বোতল ট্র্যাপ সংযোগ দিন।
৯. পিলার ককের সাথে এ্যাঙ্গেল স্টপ কক সংযোগ দিন।
১০. সাদা সিমেন্ট দিয়ে ওয়াশ বেসিনের এলাকাটি সমান করুন।
১১. স্ক্রু দিয়ে ওয়াশ বেসিনের উপরে লুকিং গস্নাস সেলফ বসান।
১২. স্ক্রু দিয়ে লুকিং গস্নাস সেলফ-এর উপর আয়না বসান।
১৩. স্ক্রু দিয়ে সাবান দানি/লিকুইড ডিসপেন্সার দেওয়ালে আটকে দিন।
১৪. স্ক্রু দিয়ে দেওয়ালে তোয়ালে রেইল ঝুলান।
১৫. ওয়াশবেসিনের লিকেজ পরীক্ষা ও ক্লিয়ার নিষ্কাশন যাচাই করুন।
১৬. কর্মক্ষেত্র পরিষ্কার করা এবং টুলস্ ইকুইপমেন্ট এবং অতিরিক্ত বা অব্যবহৃত মেটারিয়ালস সংরক্ষন করুন।

হ্যান্ড ওয়াশ বেসিন, ফিটিংস এবং এক্সেসোরিজ ঃ

হ্যান্ড ওয়াশ বেসিন (ওয়াল হ্যাঙ্গ/ক্যান্টিলিভার) ঃ হাত এবং মুখমন্ডল ধোয়ার জন্য পানি সংগ্রহ করতে ব্যবহৃত হয়।	
পিলার কক ঃ ঠান্ডা এবং গরম পানির সাপস্নাই নিয়ন্ত্রন করতে ব্যবহৃত হয়।	
এ্যাঙ্গেল স্টপকক ঃ ইহা একটি ফসেট যা ওয়াশ বেসিনের ভিতর পানি নিয়ন্ত্রন করে।	
বেসিন ওয়েস্ট ঃ বেসিনের ভিতর পানি ধরে রাখতে পস্নাগ ঢোকানোর জন্য একটি ফিটিং।	
বোতল ট্র্যাপ ঃ ইহা একটি ট্র্যাপ যা বেসিন থেকে বর্জ্য পানি আলাদা করে দেয়।	
গস্নাস সেলফ ঃ সেলফ-এর উপর প্রসাধণ সামগ্রী জমা রাখতে ব্যবহৃত হয়।	

<u>টাওয়াল রেল ঃ</u> ইহার সাথে তোয়ালে ঝুলাতে ব্যবহৃত হয়।	
<u>মিরর (আয়না) ঃ</u> ইমেজ প্রতিফলন করতে ব্যবহৃত হয়।	
<u>লিকুইড সোপ কেস ঃ</u> হাত ধোয়ার জন্য তরল সাবান বিতরণ করতে ব্যবহৃত হয়।	
<u>সোপ কেস ঃ</u> এটি সাবান রাখতে ব্যবহৃত হয়।	

নতুন হ্যান্ড ওয়াস বেসিন স্থাপনের কার্যাবলি (স্বচিত্র উপস্থাপন) ঃ

যে জায়গায় বেসিন ওয়েষ্ট বসানো হবে সে এলাকাটি যথাযথ সীলিং উপাদান দিয়ে সীল করুন।	
সীলিং উপাদানের ভিতর ওয়েষ্টটি ঢোকান।	

ব্যাক ওয়াশারের উপর যথাযথ সীলিং উপাদান লাগান।	
ব্যাক ওয়াশারটি জায়গামত ফিট করুন।	
